গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
নেজারত শাখা
www.narsingdi.gov.bd

স্মারক নম্বর: ০৫.৩০.৬৮০০.১০৬.০৪.০০৪.২৫-৪৬০

তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩২
২২ জুলাই ২০২৫

**নিয়োগ বিজ্ঞপ্তি**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ১৪ জুলাই ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৬৬.১১.০৩৬.১৫.৭৯ নম্বর স্মারক এবং ২০ জুলাই ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৬৬.১১.০০৩৬.১৫.৮১ নম্বর স্মারকের ছাড়পত্রের নির্দেশনা মতে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত- ২০২৪) এর আলোকে জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের সাধারণ প্রশাসন এবং সার্কিট হাউজের নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত নরসিংদী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকুরির আবেদনের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নম্বর | পদের নাম,গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | অফিস সহায়ক<br>গ্রেড-২০ ও বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/- | ১৫ (পনের)টি | কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ০২ | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০ ও বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/- | ০৭ (সাত)টি | (ক) কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ০৩ | মালি<br>গ্রেড-২০ ও বেতনস্কেল- ৮,২৫০-২০,০১০/- | ০১ (এক)টি | কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ০৪ | পরিচ্ছন্নতাকর্মী<br>গ্রেড-২০ ও বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/- | ০৭ (সাত)টি | কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |

**সার্কিট হাউজ, নরসিংদী**

| ক্রমিক নম্বর | পদের নাম,গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | বাবুর্চি<br>গ্রেড-২০ ও বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/- | ০২ (দুই)টি | (ক) কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) রান্নার কাজে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা; |
| ০২ | বেয়ারার<br>গ্রেড-২০ ও বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/- | ০৩ (তিন)টি | কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ০৩ | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০ ও বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/- | ০১ (এক)টি | (ক) কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে; |
| ০৪ | মালি<br>গ্রেড-২০ ও বেতনস্কেল- ৮,২৫০-২০,০১০/- | ০১ (এক)টি | কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ০৫ | পরিচ্ছন্নতাকর্মী<br>গ্রেড-২০ ও বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/- | ০২ (দুই)টি | কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

০১. প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও নরসিংদী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে;

০২. প্রার্থীকে নির্ধারিত ফরমে স্বহস্তে আবেদন করতে হবে;

০৩. সরকার কর্তৃক চাকরির নির্ধারিত আবেদন ফরমে 'জেলা প্রশাসক' নরসিংদীকে সম্বোধন করে আগামী ১৭/০৮/২০২৫ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী বরাবর পৌঁছাতে হবে। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বামপার্শে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জেলা প্রশাসক, নরসিংদী এর ওয়েবসাইটে www.narsingdi.gov.bd, জেলা প্রশাসকের কার্যালয়ের নেজারত শাখা ও https://forms.portal.gov.bd হতে সংগ্রহ করা যাবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদন গ্রহণযোগ্য নয়;

০৪. বিলম্বে প্রাপ্ত এবং ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

০৫. প্রার্থীর বয়স ১৭/০৮/২০২৫ খ্রি. তারিখে ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

০৬. প্রার্থী কোন সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত/ অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;

০৭. আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি (বিগত তিন মাসের মধ্যে) তোলা ৫.৫ সে. মি ২ কপি ছবি আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে;

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(গ) শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি (যদি থাকে) (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ঙ) জাতীয় পরিচয়পত্র অথবা পৌরসভা/ ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি;

(চ) প্রার্থী শহিদ মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান কোটায় আবেদন করলে আবেদনকারীকে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে;

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার এনআইডি, জন্ম তারিখ, জন্ম সনদ | মুক্তিবার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ এর সনদ নম্বর ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|

(ছ) সরকারি সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত বিধি বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/ প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে;

(জ) পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা অফেরতযোগ্য অটোমেটেড চালান (এ চালান) এর মাধ্যমে **"জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রাতিষ্ঠানিক কোড নং- ১০৭০১০১১০০৭১৯ ও অর্থনৈতিক কোড নং-১৪২২৩২৬"** তে জমা প্রদান করে চালানের কপি আবেদনের সাথে দাখিল করতে হবে;

(ঝ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র প্রেরণের স্বার্থে আবেদনকারী কর্তৃক প্রদত্ত ১০/- (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেট যুক্ত ৯.৫×৪.৫ সাইজের খামে পদের নাম, নিজের নাম ও ঠিকানা লিখিত একটি ফেরত খাম দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে;

০৮. নির্ধারিত কোটায় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট কোটায় শূন্য পদসমূহ সাধারণ মেধা তালিকা হতে পূরণ করা হবে;

০৯. **সার্কিট হাউজের নিরাপত্তা প্রহরী, মালি ও পরিচ্ছন্নতাকর্মী পদে আবেদনের ক্ষেত্রে পদের সাথে ব্রাকেটে সার্কিট হাউজ শব্দটি অবশ্যই উল্লেখ করতে হবে;** তা না হলে উক্ত প্রার্থীদের জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে;

১০. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১১. কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করা যাবে। একাধিক পদের বিপরীতে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একটি পদের বিপরীতে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে;

১২. আবেদনকারীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

১৩. লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদপত্র/ অনাপত্তিপত্র (চাকুরিরত প্রার্থীদের)/ শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) ও কোটা সম্পর্কিত সনদপত্রের মূলকপি উপস্থাপন/ দাখিল করতে হবে;

১৪. নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.narsingdi.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে;

১৫. **এ কার্যালয়ের গত ২০ ডিসেম্বর ২০২৩ তারিখের ০৫.৩০.৬৮০০.১০৬.০৪.০০৪.২৩- ৮৪৫ নম্বর স্মারকমূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক যে সকল প্রার্থীগণ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদে আবেদন করেছেন সে সকল প্রার্থীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই;**

১৬. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/ পরিবর্তন/ পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

22.09.25

মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী
জেলা প্রশাসক
ফোন নং-+৮৮০২২২৪৪৫২৫০০
ফ্যাক্স:-+৮৮০২২২৪৪৫৪৪৩৩
ই-মেইল: dcnarsingdi@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৩০.৬৮০০.১০৬.০৪.০০৪.২৫-৪৬০/১

তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩২
২২ জুলাই ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩) বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;
৪) জেলা প্রশাসক, ........................................... (সকল);
৫) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নরসিংদী;
৬) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, নরসিংদী;
৭) উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী;
৮) অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা/ সার্বিক/ রাজস্ব/ শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী;
১০) উপজেলা নির্বাহী অফিসার (সকল)....................., নরসিংদী (ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ);
১১) সহকারী কমিশনার (ভূমি) (সকল)....................., নরসিংদী (ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ);
১২) নেজারত ডেপুটি কালেক্টর, নরসিংদী (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ);
১৩) সহকারী কমিশনার (আইসিটি), নরসিংদী (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ);
১৪) সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, নরসিংদী;
১৫) তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, নরসিংদী (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ);
১৬) জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নরসিংদী;
১৭) পোস্ট মাস্টার, প্রধান ডাকঘর, নরসিংদী;
১৮) সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার.............................., ঢাকা, বাংলাদেশ। নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় ভিতরের পাতায় ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারিত সংখ্যার ৫(পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণের অনুরোধ করা হলো;
১৯) অফিস কপি।

22.09.25

জেলা প্রশাসক
নরসিংদী